**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:02-07–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Van of Registration :**

পশ্চিম জেলার আগরতলা পুর নিগম এলাকায় আগামী ১০ই জুলাই থেকে নতুন করে সমস্ত ধরনের ত্রিচক্র যানের রেজিস্ট্রেশনের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছে পরিবহন দপ্তর। মোটর ভেহিক্যাল এক্ট ১৯৮৮ অনুসারে যাত্রী ও পণ্যবাহী সবধরনের অটো, ই–রিক্সা, ই–অটো, সি.এন.জি–অটো, পণ্যবাহী–অটো ১০ই জুলাই–এর পর রেজিস্ট্রেশন করানো যাবেনা। মূলত পুর নিগম এলাকায় ট্রাফিক ব্যবস্থা স্বাভাবিক রাখতে এবং যাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরিবহন দপ্তর গোটা বিষয়টি পর্যবেক্ষণের মধ্যে রাখবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

**************************

**Amit Shah, New laws :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন তিন নতুন ফৌজদারি আইন শাস্তিমূলক নয়, বরং ন্যায়বিচার প্রদানকারী এবং ভুক্তভোগী–কেন্দ্রিক। তিনি বলেন, নতুন আইনে শাস্তির চেয়ে ন্যায়বিচারকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, বিলম্বের পরিবর্তে দ্রুত শুনানি ও দ্রুত ন্যায়বিচার এবং ক্ষতিগ্রস্তদের অধিকার সুনিশ্চিতভাবে রক্ষা করার ব্যবস্থা রাখা হয়েছে। গতকাল

নতুনদিল্লিতে শ্রী শাহ বলেন, চার বছর ধরে সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে প্রতিটি দিক নিয়ে বিস্তারিত আলোচনার পর নতুন আইন প্রবর্তন করা হয়েছে এবং স্বাধীন-উত্তর কালে কোনও আইন তৈরী করা নিয়ে এত দীর্ঘ আলোচনা হয়নি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নতুন আইনে নারী ও শিশুদের বিরুদ্ধে হওয়া অপরাধের বিষয়টিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। সম্পূর্ণ রূপে বাস্তবায়িত হলে এই তিনটি আইন আধুনিক বিচার ব্যবস্থা তৈরি করবে এবং, নতুন আইনে আধুনিক প্রযুক্তি গ্রহণ করা হয়েছে। তিনি আরো বলেন যে, আগামী ৫০ বছরে আসা প্রযুক্তিও এতে সংযুক্ত করার ব্যবস্থা করা হয়েছে।

*******************************

**Vidiyajyoti-CM :**

সচিবালয়ের কনফারেন্স হলে গতকাল এবছর রাজ্যের বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলির ফলাফল নিয়ে এক পর্যালোচনাসভা করেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা একথা বলেন। সভায় মুখ্যমন্ত্রী বলেন, শুরুতেই কোনও কাজের সাফল্য আসবে এমন নাও হতে পারে। সমস্যা চিহ্নিত করে তা কাটিয়ে উঠতে পারলেই সাফল্য আসবে। এবছর বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলির ফলাফল কিছুটা খারাপ হয়েছে। বর্তমান রাজ্য সরকার সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়ে এই সমস্যা থেকে উত্তরণের পথ খুঁজবে। মুখ্যমন্ত্রী বলেন, ফলাফলের পর্যালোচনা করে দেখা গেছে অনেক বিদ্যালয়ের ফলাফল উল্লেখযোগ্যভাবে ভালো হয়েছে।

************************

**E-Panchayet offices :**

রাজ্যের সব পঞ্চায়েত অফিস গতকাল থেকে ই-অফিসে রুপান্তরিত হল। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল সচিবালয়ে এক অনুষ্ঠানে বৈদ্যুতিন বোতাম টিপে ই-অফিসের সূচনা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দিনটি এক ঐতিহাসিক দিন। এখন থেকে গ্রাম পঞ্চায়েত স্তরে জনগন ই-পদ্ধতিতে অভাব অভিযোগ জানাতে পারবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রনজিত সিংহরায়, মুখ্য সচিব জে কে সিনহা প্রমুখ।

*************************

**Stop Diarrhoea Campaign :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যভিত্তিক স্টপ ডায়রিয়া ক্যাম্পেইনের আনুষ্ঠানিক সূচনা করেন। তিনি বলেন, পেটের রোগ ডায়েরিয়া প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সকলকে সচেতন হতে হবে। ডায়রিয়া রোগ থেকে শিশুদের রক্ষা করতে হলে মা ও শিশুর স্বাস্থ্যবিধির উপর বিশেষ নজর দিতে হবে। গ্রামীণ এলাকার জনগণের কাছে স্বাস্থ্য সচেতনতার বিষয়টি পৌঁছে দেওয়ার জন্য অঙ্গনওয়াড়িকর্মী ও আশাকর্মীদের দায়িত্বপূর্ণ ভূমিকা নিতে হবে।

*************************

**Jitendra Singh :**

কর্মী, জনঅভিযোগ এবং পেনশন প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং গতকাল নতুন দিল্লিতে পারিবারিক পেনশনভোগীদের অভিযোগের কার্যকর প্রতিকারের জন্য একটি বিশেষ উদ্যোগের সূচনা করেন। পেনশন এবং পেনশনভোগীদের কল্যাণ বিভাগের ১০০ দিনের কর্মপরিকল্পনার অংশ হিসাবে গতকাল থেকে ৩১শে জুলাই পর্যন্ত

পারিবারিক পেনশনভোগীদের অভিযোগের কার্যকর প্রতিকারের জন্য একটি মাসব্যাপী বিশেষ প্রচারাভিযান শুরু করা হয়েছে যাতে ৪৭টি মন্ত্রক এবং বিভাগ অংশগ্রহণ করবে।

*****************************

**Crimal Law-Unakoti :**

কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে গতকাল সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে তিনটি নতুন ফৌজদারি আইনের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করা হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক দশরথ দেববর্মা ও অর্ঘ্য সাহা, অতিরিক্ত পুলিশ সুপার ভি দারলং প্রমুখ। তাঁরা বলেন, নতুন আইনে কোনোও অপরাধমূলক ঘটনার শিকার ব্যক্তিকে মামলা নথিভুক্ত করার ৯০ দিনের মধ্যে তদন্তের অগ্রগতি সম্পর্কে জানাতে হবে। এই তিনটি আইন নাগরিকদের প্রকৃতপক্ষে ন্যায়বিচার সুনিশ্চিত করবে।

***************************

**SM Cup :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব-১৫ বছরের সুব্রত মুখার্জি কাপ ফুটবল আসরে উদ্বোধনী ম্যাচে পশ্চিম জেলা খেলবে খোয়াই জেলার বিরুদ্ধে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে ৪ জুলাই সকাল ১১টায় হবে ম্যাচটি। তিনদিনব্যাপী হবে এই আসর। ৫ জুলাই সকালে গ্রুপ লিগের ম্যাচ এবং বিকেলে হবে দুটি সেমিফাইনাল ম্যাচ। ৬ জুলাই সকালে হবে ফাইনাল ম্যাচ। পশ্চিম জেলা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব মদন বনিক এখবর জানান।

******************************

**Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটে প্লেট গ্রুপের ফাইন্যালে আজ ফের মুখোমুখি হবে তেলিয়ামুড়া এবং আমবাসা। পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে হবে ম্যাচটি। বৃষ্টির জন্য ২৮ এবং ২৯ জুন উদ্যোগ নিয়েও ফাইনাল ম্যাচটি হয়নি।

এদিকে, এলিট গ্রুপের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচটি আজ হবে। ফাইনালে যাওয়ার লড়াইয়ে মুখোমুখি হবে সদর এবং উদয়পুর। ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে এই ম্যাচটি হবে। ৪ জুলাই হবে ফাইন্যাল ম্যাচ।

**************************

**Weather :**

রাজ্যের ধলাই ও গোমতী জেলায় আজ ভারী বর্ষণের পূর্বাভাস জারি করেছে আবহাওয়া দপ্তর। এর সাথে রাজ্যের অন্যান্য জেলাগুলিতেও অতিরিক্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আবহাওয়ার পুর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে। গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ৩০.১ মিলিমিটার। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি।

*************************